

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
উপজেলা সমাজসেবা কার্যালয়, খালিয়াজুরী, নেত্রকোণা
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়

স্মারক নম্বর: ৪১.০১.৭২৩৮.০০০.৯৯.০০২.২১.২১

তারিখ: ১০ আশ্বিন ১৪২৮

২৫ সেপ্টেম্বর ২০২১

বিষয়: ভাতাভোগীদের সঠিক তথ্য প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খালিয়াজুরী উপজেলায় নগদ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে যারা ভাতা পাচ্ছেন তাদের ২০২১-২২ অর্থ বছরের প্রথম কিস্তির টাকা প্রদানের জন্য তালিকা হালনাগাদ করা হয়েছে। উক্ত তালিকার মোবাইল নম্বর সঠিকতা যাচাইয়ের জন্য ইউনিয়ন পরিষদে সকল সদস্যদের সহযোগিতা একান্তভাবে কাম্য। তালিকায় যদি কোন মোবাইল নম্বর ভুল থাকে তবে তিন (০৩) কর্ম দিবসের মধ্যে সঠিক মোবাইল নম্বর প্রেরণের জন্য অনুরোধ করা হল। প্রয়োজনে ভাতার তালিকা প্রচারের মাধ্যমে ইউনিয়ন পরিষদ বা ওয়ার্ডের নির্দিষ্ট স্থানে প্রদর্শন করা যেতে পারে।

এছাড়া যদি কোন প্রতিবন্ধী নয় বা প্রতিবন্ধী সুবর্ণ কার্ড নেই এমন ব্যক্তি ভাতা পেয়ে থাকলে তাদের তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হল। আবার যারা বিধবা ভাতা পাচ্ছেন তারা যদি নতুন বিবাহ বন্ধনে আবদ্ধ হয়ে থাকে তাদের তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হল। তালিকার কোন ভাতাভোগী যদি মারা যান তাদের তথ্যও প্রেরণের জন্য অনুরোধ করা হল।

সকল ভাতাভোগীর তালিকা ও মোবাইল নম্বর অত্রপত্রের সাথে সংযুক্ত এবং সফট কপি সকল ইউনিয়ন সচিবগণের ইমেইলে প্রেরণ করা হলো।

(বিষয়টি অতীব জরুরী তাই এটি উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশ করা হল)

২৫-৯-২০২১

মাহফুজ ইবনে আইয়ুব
উপজেলা সমাজসেবা অফিসার

ইউপি চেয়ারম্যান সকল (খালিয়াজুরী উপজেলা)

স্মারক নম্বর: ৪১.০১.৭২৩৮.০০০.৯৯.০০২.২১.২১/১(৩)

তারিখ: ১০ আশ্বিন ১৪২৮

২৫ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপ পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নেত্রকোণা
- ২) চেয়ারম্যান উপজেলা পরিষদ, খালিয়াজুরী, নেত্রকোণা
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, খালিয়াজুরী, নেত্রকোণা

২৫-৯-২০২১

মাহফুজ ইবনে আইয়ুব
উপজেলা সমাজসেবা অফিসার